গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় অফিস, নোয়াখালী।

...

| | |
|---|---|
| সভাপতি | মোঃ ইমরান হোসেন<br>জেলা সমবায় কর্মকর্তা |
| সভার তারিখ | ২৮-০২-২০২২খ্রি. |
| সভার সময় | সকাল ১০.০০ |
| স্থান | জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী। |
| উপস্থিতি | ... |

| নং | উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণের নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১. | জনাব স্বপন কুমার দাস, উপ-সহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী। | স্বাক্ষরিত |
| ০২. | জনাব মোহাম্মদ কামাল উদ্দিন, উপজেলা সমবায় অফিসার, সোনাইমুড়ি, নোয়াখালী। | স্বাক্ষরিত |
| ০৩. | জনাব মিনু প্রভা ভৌমিক, উপজেলা সমবায় অফিসার, সদর, নোয়াখালী। | স্বাক্ষরিত |
| ০৪. | জনাব নূর মোহাম্মদ, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী। | স্বাক্ষরিত |
| ০৫. | জনাব এস.এম জাকারিয়া রিজভী, সরেজমিনে তদন্তকারী, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী। | স্বাক্ষরিত |
| ০৬. | জনাব মোহাম্মদ ফজলুল করিম, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী। | স্বাক্ষরিত |
| ০৭. | জনাব মোঃ নেছার আহম্মেদ, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী। | স্বাক্ষরিত |
| ০৮. | জনাব সুমা রায়, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী। | স্বাক্ষরিত |
| ০৯. | জনাব মোঃ সাইফুল ইসলাম, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী। | স্বাক্ষরিত |
| ১০. | জনাব মোঃ মিজানুর রহমান, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী। | স্বাক্ষরিত |
| ১১. | জনাব মিঠু সাহা, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। | স্বাক্ষরিত |
| ১২. | জনাব রিকচন দাস, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, হাতিয়া, নোয়াখালী। | স্বাক্ষরিত |
| ১৩. | জনাব সুদেব কুমার রায়, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, বেগমগঞ্জ, নোয়াখালী। | স্বাক্ষরিত |
| ১৪. | জনাব বিষ্ণু প্রিয়া দেবী, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, সেনবাগ, নোয়াখালী। | স্বাক্ষরিত |
| ১৫. | জনাব সৈয়দ বেলায়েত<br>হোসেন, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, সোনাইমুড়ি, নোয়াখালী। | স্বাক্ষরিত |
| ১৬. | জনাব নুর নবী, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, সুবর্ণচর, নোয়াখালী। | স্বাক্ষরিত |
| ১৭. | জনাব সুমন কুমার নন্দী, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, কবিরহাট, নোয়াখালী। | স্বাক্ষরিত |
| ১৮. | জনাব আবু বকর ছিদ্দিক, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, সদর, নোয়াখালী। | স্বাক্ষরিত |
| ১৯. | জনাব সামছু উদ্দিন চৌধুরী, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, সদর, নোয়াখালী। | স্বাক্ষরিত |
| ২০. | জনাব সুজন চন্দ্র মজুমদার,<br>সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, চাটখিল, নোয়াখালী। | স্বাক্ষরিত |

জেলা সমবায় অফিসার, নোয়াখালী কর্তৃক সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা আরম্ভ করা হয়।

| নং | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ | সভায় বিগত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা করার পর কারও কোন আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ইউ.সি.ও সকল |

| | | | |
|---|---|---|---|
| ০২. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্তঃ | উপজেলা সমবায় কার্যালয়সমূহের সাথে জেলা সমবায় কার্যালয়ের ২০২১-২০২২ সালের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রানুযায়ী বাস্তবায়ন করতে হবে উদ্বুদ্ধকরণ সভা, সমবায় সমিতি নিবন্ধন, উৎপাদনমূখী সমবায় সমিতি গঠন, স্ব-কর্মসংস্থান, মডেল সমবায় সমিতি সৃজন, নির্বাচন, সমবায় সমিতির বার্ষিক আর্থিক বিবরণী প্রাপ্তি, সমবায় সমিতি পরিদর্শন, কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদন, এজিএম, নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা, নিরীক্ষা সংশোধনী প্রতিবেদন দাখিল, নিরীক্ষা ফি, সিডিএফ, ভ্রাম্যমান প্রশিক্ষন ও প্রশিক্ষণার্থী প্রেরণ, সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের অংশে শুদ্ধাচার, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ও সেবা প্রদান প্রতিশুতি কর্মপরিকল্পনা বাস্তবায়নসহ সকল সূচকে লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়সীমার মধ্যে অর্জন নিশ্চিত করতে হবে। ছক অনুযায়ী প্রতি তিন মাস পর কর্মসম্পাদন চুক্তির ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন এবং ০৬ মাস পর অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করতে হবে এবং এপিএ প্রমাণক ত্রৈমাসিক ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদনের স্বপক্ষে প্রমাণক যথাসময়ে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয় । সমবায় অধিদপ্তর, ঢাকা এর নির্দেশনা অনুযায়ী এপিএ সংক্রান্ত মাসিক রিটার্ণ প্রতি মাসে স্ব-স্ব উপজেলার ওয়েবসাইটে সেবাবক্সে (পিডিএফ) ফরমেটে আপলোড করা, এপিএ টিম কর্তৃক এপিএ এর বিষয়ে প্রতি দুই মাসে কমপক্ষে ১ টি সভা আয়োজন করা এবং সভার সিদ্ধান্তসমূহ শতভাগ বাস্তবায়ন করেতে হবে। | ইউ.সি.ও সকল |
| ০৩. | ইনোভেশন সংক্রান্তঃ | নাগকির সেবা সহজ ও দুত সম্পাদন করার বিষয়ে উদ্ভাবনী কর্ম পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে দ্রুততম সময়ে স্বল্প খরচে সঠিক ও স্বচ্ছতার সাথে যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। সকল উপজেলায় ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জে.স.অ ও ইউ.সি.ও সকল |
| ০৪. | কাইযেন সংক্রান্তঃ | কাইযেন (ক্ষুদ্র উন্নয়ণ পরিকল্পনা) সংক্রান্ত প্রকল্প প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষ বরারব প্রেরণ করা হয়। | ইউ.সি.ও সকল |
| ০৫. | সমবায় সমিতি সমূহের অডিট সম্পাদন ও অডিট নোট দাখিল সংক্রান্তঃ | ক) কেন্দ্রীয় সমবায় সমিতিঃ কেন্দ্রীয় সমবায় সমিতির ২০২০-২০২১ সালের অডিট নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করে অডিট প্রতিবেদন নির্ধারিত তারিখের মধ্যে দাখিল করা হয়।<br>খ) প্রাথমিক সমবায় সমিতিঃ ২০২০-২০২১ সালে লক্ষ্যমাত্রা অনুযায়ী অডিট সম্পাদন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ) লক্ষ্যমাত্রানুযায়ী প্রাথমিক সমবায় সমিতির অডিট এবং অডিটকৃত সমিতির প্রতিবেদন দাখিল না করায় সভাপতি ক্ষোভ প্রকাশ করেন এবং ১৫-০৩-২০২২খ্রি. তারিখের মধ্যে নিরীক্ষাকৃত সকল অডিট প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট অডিট অফিসারগণ |
| ০৬. | সদস্যদের আমানত ফেরৎ না দিয়ে সমিতির কার্যক্রম বন্ধ করে উধাও হওয়া এবং ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি সংক্রান্তঃ | এ জেলায় ঝুঁকিপূর্ণ ও কার্যক্রম বন্ধ রয়েছে সে সকল সমিতিগুলো নিবিড়ভাবে তদারকি, পরিদর্শন এবং অডিট করার নির্দেশনার প্রতি গুরুত্বারোপ করেন। উপজেলা সমবায় অফিসারগণ ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি সমূহের বিষয়ে স্থানীয় প্রশাসনের সহযোগিতায় প্রয়োজনীয় ব্যবস্থা করবেন। জেলা ও উপজেলার সকল কর্মকর্তাকে বিভাগীয় কার্যক্রমের প্রতি আন্তরিক হওয়ার নির্দেশ দেন। সমিতির তহবিল তছরূপ ও আত্মসাতের বিষয়ে সমবায় অধিদপ্তরের স্মারক নং ২৫৯(৭১), তারিখঃ ২৭-০৯-২০১৫খ্রিঃ এর মর্মানুযায়ী সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে থানায়/দুদুকে মামলা করার বিষয়ে ইউসিওগণ বস্তুনিষ্ঠ ও সঠিক প্রতিবেদন দাখিল করবেন। তাছাড়া যে সকল ঝুঁকিপূর্ন সমবায় সমিতির কমিটির মেয়াদ উত্তীর্ন হয়েছে, সেগুলোর অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। তাছাড়া প্রতিটি উপজেলায় ঝুঁকিপূর্ণ সমবায় সমিতিগুলো তদারকি করার নিমিত্ত কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট ইউ.সি.ও ও মনিটরিং অফিসার |
| ০৭. | অডিট সেলের কার্যক্রমঃ | অডিট সেলের আহবায়ক জানান যে অডিট সেল কর্তৃক অডিট নোট পর্যালোচনা করা হচ্ছে। উপজেলা সমবায় অফিসারগণ স্ব-স্ব উপজেলার সহকারী পরিদর্শকদের অডিট নোট পর্যালোচনা করে এ কার্যালয়ে রিপোর্ট দাখিল করবেন। | অত্র কার্যালয় ও ইউ.সি.ও সকল |

| | | | |
|---|---|---|---|
| ০৮. | পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি সংক্রান্তঃ | ক) পানি ব্যবস্থাপনা সমবায় সমিতিগুলোর নিরীক্ষা সেপ্টেম্বর/২০২১ তারিখের মধ্যে সম্পাদন করে প্রতিদেবন প্রেরণ করা হয়েছে।<br>খ) পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির ব্যাপারে এলজিইডি'র সাথে যোগাযোগ রেখে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) পানি ব্যবস্থাপনা সমিতির কার্যক্রম নিয়মিত সুষ্ঠভাবে মনিটরিং করার জন্য সংশ্লিষ্টদের বলা হ'ল।<br>ঘ) পানি ব্যবস্থাপনা সমবায় সমিতিগুলোর বার্ষিক সাধারণ সভা ও নির্বাচনযোগ্য সমিতিগুলোর নির্বাচন অনুষ্ঠানের কার্যকর পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট সমিতিগুলোকে ইউসিওগণ পত্র প্রদান করবেন। তাছাড়া সমিতিগুলোর জন্য এলজিইডি কর্তৃক নির্মিত অবকাঠামোগুলো হস্তান্তর বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করাসহ মনিটরিং জোরদার করার সিদ্ধান্ত হয়। | সংশ্লিষ্ট ইউ.সি.ও ও অডিট অফিসার এবং সংশ্লিষ্ট পরিদর্শক |
| ০৯. | নিরীক্ষা ফি ধার্য ও আদায় সংক্রান্তঃ | ২০২০-২০২১ সালের অডিট ফি ধার্য করে তালিকা প্রেরণ করা হয়েছে। ধার্যকৃত নিরীক্ষা ফি শতভাগ আদায় করা হয়েছে। | সংশ্লিষ্ট ইউ.সি.ও |
| ১০. | সমবায় উন্নয়ন তহবিল সংক্রান্তঃ | ২০২০-২০২১ সালের সমবায় উন্নয়ন তহবিল ধার্য করে তালিকা প্রেরণ করা হয়েছে। ধার্যকৃত নিরীক্ষা ফি শতভাগ আদায় করা হয়েছে। | সংশ্লিষ্ট ইউ.সি.ও |
| ১১. | তদারকি সংক্রান্তঃ | উপজেলার প্রতিটি সমিতি নিবিড় তদারকি করতে হবে। লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল উপজেলার তদারকি কাজ সম্পাদন এবং সমিতির ত্রুটিসমূহ সংশোধনের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য ইউ.সি.ও দের বলা হ'ল। তদারকির মাধ্যমে ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি চিহ্নিত করা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, বস্তুনিষ্ঠ প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট তদরকি অফিসারগণ |
| ১২. | পরিদর্শন সংক্রান্ত : | সমবায় অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যকর সমিতি পরিদর্শন কাজ সম্পাদন করে যথাসময়ে রিটার্ণ ও সঠিক তথ্য, প্রতিবেদন দাখিল নিশ্চিত করা এবং ত্রুটিসমূহের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট অফিসারগণ |
| ১৩. | অকার্যকর সমবায় সমিতি চিহ্নিত করণ, অবসায়ন ও নিবন্ধন বাতিল সংক্রান্তঃ | অকার্যকর সমিতি বাতিলের বিষয়ে নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা রয়েছে। এমতাবস্থায় অকার্যকর সমবায় সমিতি চিহ্নিত করার ক্ষেত্রে সরেজমিনে যাচাই করে বাস্তব অবস্থার প্রেক্ষিতে অকার্যকর চিহ্নিত করে মাসিক রিটার্ণ দাখিল করতে হবে। অকার্যকর সমবায় সমিতির পূর্ণ ঠিকানা, আদায়কৃত শেয়ার, সঞ্চয় ও সভাপতি/সম্পাদকের নাম উল্লেখ করতঃ বাতিলের প্রস্তাব প্রেরণের নির্দেশ প্রদান করা হয়। যুগ্ম নিবন্ধক মহোদয়ের নির্দেশনার আলোকে এ কার্যালয় হতে প্রদত্ত এবং এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী অবশ্যই বাতিল প্রস্তাব প্রেরণ করতে হবে। অবসায়ন কার্যক্রম দ্রুত সম্পাদন করে চূড়ান্ত প্রতিবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | অত্র কার্যালয় ও সংশ্লিষ্ট ইউ.সি.ও |
| ১৪. | প্রশিক্ষণ সংক্রান্তঃ | লক্ষ্যমাত্রানুসারে আঞ্চলিক সমবায় শিক্ষায়তন, ফেনী ও বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লায় উপযুক্ত সমবায়ী প্রশিক্ষণার্থী প্রেরণ নিশ্চিত করা এবং উপজেলায় ভ্রাম্যমান প্রশিক্ষণে কার্যকর সমিতির সক্রিয় সদস্যদের প্রশিক্ষণের ব্যবস্থা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | অত্র কার্যালয় ও সংশ্লিষ্ট ইউ.সি.ও |

| | | | |
|---|---|---|---|
| ১৫. | আশ্রয়ণ/আশ্রয়ণ (ফেইজ-২) সংক্রান্তঃ | ক) আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায়ের ব্যাপারে ইউ.এন.ও এর সাথে আলোচনা করে মাসিক সমন্বয় সভায় উপস্থাপনা করার জন্য বলা হয়।<br>খ) সংশ্লিষ্ট উপজেলা সমবায় অফিসারগণ উপজেলা আশ্রয়ণ ঋণ আদায় কমিটির সভা নিয়মিতভাবে আহবান করবেন এবং এ সংক্রান্ত টাস্কফোর্স সভায় যোগদান করবেন।<br>গ) আশ্রয়ণ ও আশ্রয়ণ (ফেইজ-০২) প্রকল্পের ঋণ আদায় জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় এবং আদায়কৃত টাকা ব্যাংক হিসাবে জমা রাখার জন্য বলা হয়। রশিদের মাধ্যমে টাকা আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) ইউ,সি,ওগণ তাঁর উপজেলার আশ্রয়ণ প্রকল্প প্রতি মাসে ০২ টি প্রকল্প পরিদর্শন করে প্রতিবেদন সমবায় অধিদপ্তর ঢাকার এম,আই,এস শাখায় ও অত্র কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঙ) আশ্রয়ণ/আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্পে নতুন ঋণ বিতরণের ক্ষেত্রে ঋণ গ্রহিতাগণ অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণ করেনি মর্মে অঙ্গিকারনামা গ্রহণ করতঃ ট্রেডের নাম এবং মেয়াদ উলেস্নখ পূর্বক প্রতিবেদন এ কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>চ) আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায়ের জন্য আইনগত ও বস্তুনিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করবেন এবং এ কার্যালয় হতে প্রদত্ত আদেশের প্রেক্ষিতে সুবর্নচর উপজেলায় ঋণ আদায়ে সংশ্লিষ্টগণ তৎপর থাকবেন।<br>ছ) আশ্রয়ন প্রকল্পের ঋণ গ্রহিতা যারা আশ্রয়ন প্রকল্পে বসবাস করেনা এবং তাদের ঋণের পরিমাণ উল্লেখ করে এ কার্যালয়ে প্রতিবেদন দাখিল করবেন। | সংশ্লিষ্ট ইউ.সি.ও |
| ১৬. | পণ্য মৎস্য ঋণ সংক্রান্তঃ | সভায় মৎস্য ঋণ আদায়কারী উপস্থিত ছিলেন না। মৎস্য ঋণ আদায়কারীকে প্রতিমাসে উপজেলা ভিত্তিক ঋণের সঠিক তথ্য এ কার্যালয়ে দাখিল ও ঋণ আদায় করে সংশ্লিষ্ট স্ব-স্ব উপজেলা সমবায় অফিসারকে প্রতি মাসে তথ্য প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। মৎস্য ঋণ আদায়ের বিষয়ে ঋণ গ্রহীতাদের নিয়ে সভা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট ইউ.সি.ও |
| ১৭. | প্রাথমিক সমবায় সমিতির নির্বাচন এবং বার্ষিক সাধারণ সভা সংক্রান্তঃ | ক) প্রাথমিক সমবায় সমিতির নির্বাচনঃ কার্যকর সমবায় সমিতিগুলোতে সমবায় সমিতি আইন ও বিধিমালা মতে নির্বাচন অনুষ্ঠানের অগ্রগতি সন্তোষজনক নয়। নির্বাচন অনুষ্ঠান সম্পর্কীয় কাগজপত্র জেলা সমবায় কার্যালয়ে প্রেরণ করতে হবে। মেয়াদউত্তীর্ণ ব্যবস্থাপনা কমিটির ক্ষেত্রে অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করতে হবে। নির্বাচন অনুষ্ঠানযোগ্য কার্যকর সমবায় সমিতির নিবাচনী ক্যালেন্ডার প্রনয়ন পূর্বক তদানুযায়ী নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেনল<br>খ) বার্ষিক সাধারণ সভাঃ সমবায় সমিতি সংশোধিত আইন/২০১৩ এর ১৭(৩) ধারা মতে কার্যকর সমিতির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান হচ্ছে না। সাধারণ সভা অনুষ্ঠানে ব্যর্থ সমিতির ব্যবস্থাপনা কমিটির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রেরণ করতে হবে। যে সকল সমিতিতে বৈধ কমিটি নেই এবং বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয় না সে সকল সমিতিতে বৈধ ব্যবস্থাপনা কমিটি গঠন ও সাধারণ সভা অনুষ্ঠানের জন্য উদ্বুদ্ধ করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সমিতিগুলোকে পত্র দিয়ে অত্র কার্যালয়কে অবহিত করার জন্য ইউসিওদের অনুরোধ করা হল। | সংশ্লিষ্ট ইউ.সি.ও |
| ১৮. | লভ্যাংশ বিতরণ সংক্রান্তঃ | প্রতিটি উপজেলায় সফল সমবায় সমিতিসমূহে বিতরণযোগ্য লভ্যাংশ সমবায় সমিতি আইন ও বিধিমালা মোতাবেক বিতরণ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে উপজেলা সমবায় অফিসারগণ লভ্যাংশ বিতরণযোগ্য সমিতিসমূহের কর্মকর্তাদের সাথে নিবিড় যোগাযোগ ও তাগিদ অব্যাহত রাখবেন এবং লভ্যাংশ বিতরণযোগ্য সমিতিগুলোকে পত্র প্রদান করতে হবে। | ইউ.সি.ও সকল |
| ১৯. | অডিট নোট পর্যালোচনা সংক্রান্তঃ | সকল কার্যকর কেন্দ্রীয় ও প্রথমিক সমবায় সমিতির অডিট নোট ১০০% পর্যালোচনা করার সিদ্ধান্ত গৃহিত হয়। সহকারী পরিদর্শকগণের অডিট প্রতিবেদন উপজেলা সমবায় অফিসারগণ পর্যালোচনা করার সিদ্ধান্ত গহীত হয়। পর্যালোচনা প্রতিবেদনে সমিতির এবং অডিট অফিসারের প্রকৃত দোষত্রুটির প্রতিফলন করতে হবে। | অত্র কার্যালয় ও ইউ.সি.ও সকল |

| | | | |
|---|---|---|---|
| ২০. | সমবায় বাজার বা ন্যায্য মূল্যের দোকান সংক্রান্তঃ | সমবায় বাজার বা ন্যায্য মূল্যের দোকান স্থাপন নিয়ে সভায় ব্যাপক আলোচনা করা হয়। আলোচনার পর প্রতিটি উপজেলায় সফল সমবায় সমিতি গুলোর সাথে যোগাযোগের মাধ্যমে ০১ টি করে সমবায় বাজার স্থাপন করার এবং মানুষের নজরে আসে এমন স্থানে সাইনবোর্ড স্থাপন নিশ্চিত করতে হবে। স্থাপিত সমবায় বাজার যাতে বন্ধ না হয় সে বিষয়ে নজর রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। বিশেষতঃ সদর উপজেলায় পরিচালিত সমবায় বাজার উপজেলা সমবায় অফিসার নিয়মিত মনিটরিং ও পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণ করবেন। | সংশ্লিষ্ট ইউ.সি.ও |
| ২১. | সমিতির নিবন্ধন ও উপ-আইন সংশোধন সংক্রান্তঃ | সমিতি নিবন্ধনের ক্ষেত্রে সমবায় সমিতি আইন, বিধিমালা, সার্কুলার এবং নিবন্ধন নীতিমালা অনুসরন করে যাচাই পূর্বক সঠিক কাগজপত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া নিবন্ধন পূর্ব প্রাক প্রশিক্ষণ করার জন্য বলা হলো। ত্রুটিপূর্ণ কাগজের বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের দায়ী করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্টদের সতর্ক থাকতে হবে। | ইউ.সি.ও সকল |
| ২২. | ই-নথি সংক্রান্ত। | উপজেলাগুলোতে ই-নথি সিষ্টেমে কাজ না করায় সভাপতি ক্ষোভ প্রকাশ করেন এবং সকল উপজেলার সকল কাজ ই-নথি সিষ্টেমে কাজ করার উপর জোর তাগিদ প্রদান করা হয়। | অত্র কার্যালয় ও ইউ.সি.ও সকল |
| ২৩. | অফিসে নিয়মিত উপস্থিতি সংক্রান্তঃ | নিয়মিত ও যথাসময়ে উপস্থিতি অফিসে অবস্থান ও অফিস ত্যাগ করার বিষয়ে সমবায় অধিদপ্তরের স্মারক নং-১৬৯৫-এ/ও, তারিখঃ ৩০-০৯-২০১৫ খ্রিঃ এর নির্দেশনা পালন করার জন্য বলা হল। | অত্র কার্যালয় ও ইউ.সি.ও সকল |
| ২৪. | মাসিক ও ত্রৈমাসিক রির্টাণ দাখিল ও সঠিক তথ্য সংক্রান্তঃ | নির্ধারিত তারিখে মাসিক, ত্রৈমাসিক এবং পরিসংখ্যানসহ সকল রিটার্ণে সঠিক তথ্য প্রদর্শন পূর্বক অত্র কার্যালয়ে প্রেরণ করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে। | ইউ.সি.ও সকল |
| ২৫. | বিবিধ | সকল কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির অডিট সংশোধনী প্রতিবেদন নির্ধারিত সময়ে প্রেরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অত্র কার্যালয় ও ইউ.সি.ও সকল |

মোঃ ইমরান হোসেন
জেলা সমবায় কর্মকর্তা

স্মারক নম্বর: ৪৭.৬১.৭৫০০.০০০.০৬.০০৩.২০.৪২৮

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৮
০৮ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম। (মহোদয় এর সদয় অবগতির জন্য)

২) উপজেলা সমবায় অফিসার, ................................(সকল), নোয়াখালী। তাঁকে আগামী ১৫-০৩-২০২২খ্রি. তারিখের মধ্যে সভার বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

মোঃ ইমরান হোসেন
জেলা সমবায় কর্মকর্তা